দৈনিক বাংলা

16

তারিখ ... 16 MAR 1989
পৃষ্ঠা ... 1 কলাম ... 3

৩৩

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# প্রেসিডেন্টের পথকলি স্কুল পরিদর্শন

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বুধবার নারায়ণগঞ্জ জেলার ফতুল্লায় শ্রমজীবী শিশুদের স্কুল পথকলি-২ পরিদর্শন করেন। খবর বাসসর।

প্রেসিডেন্ট এরশাদের উদ্যোগে এই স্কুলটি স্থাপন করা হয়। এটি শ্রমজীবী শিশুদের জন্য দ্বিতীয় স্কুল।

পরিদর্শনকালে প্রেসিডেন্ট এর-

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## পরিদর্শন

(১-এর পৃঃ পর)

শাদ বিভিন্ন শ্রেণীকক্ষ ঘুরে দেখেন এবং সেখানে অধ্যয়নরত ছেলেমেয়েদের সঙ্গে কথাবার্তা বলেন।

তিনি তাদের লেখা-পড়ার অগ্রগতি জানতে চান এবং মন দিয়ে লেখা-পড়া করতে বলেন।

যে ছেলেমেয়েরা এই অল্প বয়সে ইট ভেঙ্গে জীবিকা নির্বাহ করত তারা জ্ঞান অন্বেষণের ক্ষেত্রে কিছুটা অগ্রগতি অর্জন করেছে দেখে প্রেসিডেন্ট এরশাদ খুশী হন।

তিনি তাদের দেয়া টিফিনও দেখেন। এই স্কুলের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ—অধিকার ট্রাস্ট এই টিফিন দেয়।

তিনি উপস্থিত কিছু ছেলেমেয়ের মধ্যে টিফিন বিতরণ করেন এবং স্কুলের ব্যবস্থাপনা ও টিফিনের গুণগত মান দেখে সন্তোষ প্রকাশ করেন।

প্রেসিডেন্ট সেখানে পরিদর্শক বইতে স্বাক্ষর করেন এবং লেখেন, তাদের (এই ছেলেমেয়েদের) দুঃখে সমাজের সকল স্তরের মানবের বিবেক জাগ্রত হোক।

ফতুল্লা থেকে ফেরার পথে প্রেসিডেন্ট ঢাকা স্টেডিয়াম এলাকা পরিদর্শন করেন এবং এই এলাকা থেকে বিভিন্ন ফুটবল ক্লাব স্থানান্তর কাজের অগ্রগতি দেখেন।

তিনি খালি জায়গায় হকি, ভলিবল ও কাবাডি স্টেডিয়ামের জন্য ব্যবস্থা দেখেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কিছু নির্দেশ দেন। অধিকার ট্রাস্টের চেয়ারম্যান এডভোকেট রেজাউর রহমানও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট এরশাদ মিরপুরে নির্মাণাধীন জাতীয় ইনডোর স্টেডিয়ামও পরিদর্শন করেন এবং সেখানে কাজের অগ্রগতি দেখেন। তিনি মিরপুরে প্রস্তাবিত সুইমিং পুল নির্মাণের স্থানে যান এবং যত শীঘ্র সম্ভব এই এলাকা পরিষ্কার করতে পূর্ত মন্ত্রণালয়কে নির্দেশ দেন।

পরে, প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্টকে প্রস্তাবিত সুইমিং পুলের কয়েকটি মডেল দেখানো হয়। তিনি একটি মডেল অনুমোদন করেন।

পূর্তমন্ত্রী মোস্তফা জামাল হায়দার, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী এইচ এম এ গাফফার ও জাতীয় ক্রীড়া পরিষদের চেয়ারম্যান মেজর জেনারেল সাদেকুর রহমান চৌধুরী এ উপলক্ষে উপস্থিত ছিলেন।